দৈনিক ইত্তেফাক

74

তারিখ ... JAN. 28 1999 ... ...
পৃষ্ঠা ... ৩ কলাম ... ৮ ...

# শিক্ষা প্রতিষ্ঠান উন্নয়ন কাজে প্রায় সাড়ে ৪ কোটি টাকা বরাদ্দ

ঝিনাইদহ সংবাদদাতা ।। শিক্ষা মন্ত্রণালয়ের ফ্যাসিলিটিজ বিভাগ ৪ কোটি ১০ লক্ষ ৪২ হাজার টাকা ব্যয়ে ঝিনাইদহ জেলায় ২৩টি শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক ভবন নির্মাণ কাজ শুরু করিয়াছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, দুই কোটি ১০ লক্ষ টাকা ব্যয়ে ৫টি কলেজের, ৩৪ লক্ষ টাকা ব্যয়ে ২টি হাইস্কুলের, ৩৩ লক্ষ ৩ হাজার টাকা ব্যয়ে ৩টি মাদ্রাসার, ৪১ লক্ষ ৬৮ হাজর টাকা ব্যয়ে ৪টি প্রাইমারী স্কুলের একাডেমিক ভবন, ৭০ লক্ষ টাকা ব্যয়ে ৭টি থানা পর্যায়ে

( ১২শ পৃঃ দ্রঃ )

## শিক্ষা প্রতিষ্ঠান উন্নয়ন

( ৩য় পৃঃ পর )

হাইস্কুলের মাধ্যমিক লেভেলে ভকেশনাল ভবন ও ২টি হাইস্কুলে ডবল শিফট চালু করিবার জন্য ভবনের সম্প্রসারণ কাজ শুরু হয়। ইতিমধ্যে কয়েকটি ভবন নির্মাণ কাজ শেষ হইয়াছে। বাকী ভবনগুলির কাজ আগামী জুন নাগাদ শেষ হইবে বলিয়া জানা যায়।

## দাউদকান্দিতে

দাউদকান্দি সংবাদদাতা ।। সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত থানার প্রাথমিক বিদ্যালয়গুলির সংস্কার কাজ সম্পন্ন করার জন্য কর্তৃপক্ষ ২২ লক্ষ টাকা বরাদ্দ করিয়াছে। উল্লেখ্য, এই থানায় মোট ৩০২টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে বন্যায় ২ শত ৩টি প্রাথমিক বিদ্যালয় মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়।

উল্লেখ্য, এই থানার সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১৪৯টি। এইসব সরকারী বিদ্যালয়ে প্রধান শিক্ষকের ৮টি পদ এবং সহকারী শিক্ষকের ৬১টি পদ শূন্য রহিয়াছে।